

জাতি...  
পৃষ্ঠা ৩

## দেশের সেরা ১০ কলেজ

ইত্তেফাক রিপোর্ট ॥ এবারের এইচএসসি পরীক্ষায় মেধা তালিকায় সেরা কলেজগুলোর মধ্যে শীর্ষে রয়েছে ঢাকা বোর্ডের নটরডেম কলেজ। এ কলেজ থেকে মেধা তালিকায় স্থান পেয়েছে ২৯ জন। তারপরেই রয়েছে চট্টগ্রাম বোর্ডের চট্টগ্রাম সরকারী কলেজ। এ কলেজের মোট ২৮ জন মেধা তালিকায় রয়েছে। মেধা তালিকায় ২৩টি স্থানসহ তৃতীয় অবস্থানে রয়েছে চট্টগ্রামের ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ। ৪র্থ অবস্থানে রয়েছে রাজশাহী বোর্ডের বগড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। এ কলেজের মেধা স্থান লাভকারী ২০ জন। ৫ম অবস্থানে রয়েছে যশোর ক্যান্টনমেন্ট কলেজ ও বরিশাল ক্যাডেট কলেজ। এ দুটি কলেজের মেধা স্থান লাভকারী ১৯ জন করে। ৬ষ্ঠ ভিকারুননুসা নুন স্কুল ও কলেজ এবং কুমিল্লা ক্যাডেট কলেজ। ৭ম বরিশালের অমৃত লাল দে কলেজ। ৮ম পাবনা ক্যাডেট কলেজ। ৯ম অধ্যাপক আব্দুল মজিদ কলেজ, কুমিল্লা এবং ১০ম সুলানা সরকারী গার্লস কলেজ।